# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
E-mail : info@ bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd


স্মারক নং-চশিবো/পরী-মাধ্য/পরি-১১/২০২২/(অংশ-৯)/১৩৪৪(১৩০০) তারিখ : ২২/১২/২০২৫ খ্রি.

## ২০২৬ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন অনুমোদিত প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২৬ সালে অনুষ্ঠেয় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার **Online** এ ফরমপূরণ ও পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি এবং প্রয়োজনীয় ফি (টিটি আকারে) শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি-এর হার ও অন্যান্য নিম্নোক্ত নিয়মাবলী (প্রযোজ্য ক্ষেত্রে) অনুসরণ করতে হবে।

১. **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা ফরম **(Probable list)** প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে **(www.bise-ctg.gov.bd)** এ ৩০/১২/২০২৫ তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা অনুযায়ী ছক 'ক' এ বর্ণিত তারিখের মধ্যে নিম্নবর্ণিত প্রক্রিয়ায় অনলাইনে ফরমপূরণ **(eFF)** সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **eFF**-এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable list** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ডকপির সঙ্গে **Probable list**-এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে পরীক্ষার্থী **Select** করতে হবে।

(গ) **Temporary List Print** করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/ UnSelect** করা যাবে।

(ঘ) এর পর **Pay Slip Print** করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) **Pay Slip** এ উল্লিখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, **Pay Slip Print** করলে আর কোনো অবস্থাতেই **Select/UnSelect** করা যাবে না।

(ঙ) ফি এর টাকা ব্যাংকে জমা দেয়ার **২৪** ঘন্টার মধ্যে **Final Candidate List Print Active** হবে।

(চ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(ছ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে ফরম পূরণের কাজ একইভাবে সম্পন্ন করতে পারবে। [ তবে **Final Candidate List Print** করার পূর্বে নতুন শিক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না। সেক্ষেত্রে পূর্বের শিক্ষার্থীদেরও নতুনদের সাথে একত্রে জমা স্লিপে টাকা প্রদর্শিত হবে। ] নিম্নে প্রদত্ত ছক 'খ' অনুযায়ী টিটি-র মূল কপিসহ পরীক্ষা শাখার (মাধ্যমিক) **কক্ষ নং-৪০৫-এ** ১ সেট প্রিন্ট কপি পরীক্ষার্থীর স্বাক্ষরসহ জমা দিতে হবে এবং ১ সেট বিদ্যালয় অফিসে সংরক্ষণ করতে হবে। এছাড়াও ফরম পূরণের প্রিন্ট কপি (মূলকপি) পরীক্ষা শাখায় জমাদানের নির্ধারিত তারিখে টিটি ভাউচারের সত্যায়িত ছায়ালিপিসহ প্রতিষ্ঠানের প্যাডে টাকার খাতওয়ারী বিবরণী (প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত) হিসাব শাখায় ৬০৮ নম্বর কক্ষে **(৬ষ্ঠ তলা)** জমা দিতে হবে।

২. ২০২৫ সালের এসএসসি পরীক্ষার জন্য **eFF** পদ্ধতিতে ফরম পূরণের ক্ষেত্রে যে **Password** ব্যবহার করা হয়েছে ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় **eFF** এর ক্ষেত্রেও একই **Password** ব্যবহার করতে হবে।

৩. টিটি ক্রয় ও পরীক্ষার্থীর স্বাক্ষরসম্বলিত প্রিন্টসহ কাগজপত্র বোর্ডে জমাদানের বিবরণ :

**ছক (ক)**

| ক্রম | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ (আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য) **২০২৫** সালের পরীক্ষার্থীগণের **২০২৬** সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ। | ২৪/১২/২০২৫ খ্রি. |
| (খ) | নির্বাচনী (টেস্ট) পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ | ৩০/১২/২০২৫ খ্রি. |
| (গ) | অনলাইনে ফরমপূরণের (বিলম্ব ফি ছাড়া) তারিখ | ৩১/১২/২০২৫ খ্রি. থেকে ১০/০১/২০২৬ খ্রি: পর্যন্ত |
| (ঘ) | অনলাইনে টিটি ক্রয়ের শেষ তারিখ | ১১/০১/২০২৬ খ্রি: |
| (ঙ) | বিলম্ব ফি-সহ অনলাইনে ফরম পূরণের তারিখ | ১২/০১/২০২৬ থেকে ১৭/০১/২০২৬ খ্রি: পর্যন্ত |
| (চ) | পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফি-সহ অনলাইনে টিটি ক্রয়ের শেষ তারিখ | ১৮/০১/২০২৬ খ্রি: |

ছক (খ)

| ক্রম | জেলার নাম | সোনালী ব্যাংকের টিটি, পরীক্ষার্থীর স্বাক্ষরসম্বলিত **Final Candidate List** এর প্রিন্ট এবং অন্যান্য কাগজপত্র বোর্ডে জমা দেয়ার তারিখ | কাগজপত্রাদি জমা দেয়ার স্থান |
|---|---|---|---|
| ০১ | কক্সবাজার ও তিন পার্বত্য জেলা | ২২/০১/২০২৬ খ্রি. | কক্ষ নম্বর-৪০৫ |
| ০২ | চট্টগ্রাম উত্তর | ২৫/০১/২০২৬ খ্রি. | কক্ষ নম্বর-৪০৫ |
| ০৩ | চট্টগ্রাম মহানগর | ২৬/০১/২০২৬ খ্রি. | কক্ষ নম্বর-৪০৫ |
| ০৪ | চট্টগ্রাম দক্ষিণ. | ২৭/০১/২০২৬ খ্রি. | কক্ষ নম্বর-৪০৫ |

**৪. টিটি করা এবং জমাদান পদ্ধতি**

(ক) নির্দিষ্ট তারিখের মধ্যে সোনালী ব্যাংকের যেকোনো শাখায় বোর্ডের সচিবের অনুকূলে কেবল টিটি এর মাধ্যমে সোনালী ব্যাংক, বহদ্দারহাট শাখার হিসাব নং-**SND/STD-59**-এ টাকা জমা দিয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নামে টিটি করতে হবে। কোনো পরীক্ষার্থীর নামে টিটি করা যাবে না। উক্ত টিটির ১ কপি পরীক্ষার্থীর স্বাক্ষরসম্বলিত প্রিন্ট ও আনুষঙ্গিক কাগজপত্র নির্দিষ্ট তারিখের মধ্যে অফিস চলাকালে পরীক্ষা শাখার সংশ্লিষ্ট সহকারীর নিকট জমা দিতে হবে। দায়িত্বপ্রাপ্ত সহকারী বা কর্মকর্তা ব্যতীত অন্য কারো নিকট বিবরণী ফরম এবং আনুষঙ্গিক কাগজপত্র জমা দিলে এবং সেজন্য কোনো জটিলতা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।

(খ) কোনো ক্রমেই পরীক্ষার ফি নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রশিদ অথবা ট্রেজারি চালানের মাধ্যমে দেয়া যাবে না।

(গ) কোনো অবস্থাতেই পরীক্ষার্থীর স্বাক্ষরসম্বলিত প্রিন্ট কপি, আনুষঙ্গিক কাগজপত্র এবং সোনালী ব্যাংকের টিটি ডাকযোগে পাঠানো যাবে না।

৫. পরীক্ষার মাধ্যম : বাংলা/ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সনে পরীক্ষায়অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী এক কপি তালিকা সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) (**কক্ষ নং-২০৪**) এর নিকট হাতে হাতে **৩১/১২/২০২৫** তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোনো অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

"ছক"

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা (বিষয় ভিত্তিক) | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

**৬. (ক) ফি এর হার :**

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি (প্রতি পত্র) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | মূল সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি ও তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | বয়স্কাউট ফি (প্রতি পরীক্ষার্থী) | গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (শিক্ষা প্রতিষ্ঠান প্রতি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| নিয়মিত পরীক্ষার্থী | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | X | X | ২৫.০০ | ১৫.০০ | ৩০০.০০ |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | ১০০.০০ | X | ২৫.০০ | ১৫.০০ | |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | X | ১০০.০০ | X | ২৫.০০ | ১৫.০০ | |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১২৫.০০ | ৩০.০০ | ৮০.০০ | ১৫০.০০ | X | ১০০.০০ | ২৫.০০ | ১৫.০০ | |

(খ) (১) কেন্দ্র নবায়ন ফি (প্রতি কেন্দ্র প্রতি বৎসর) ২০০০ (দুই হাজার ) টাকা, (২) নতুন কেন্দ্র ফি ৩০০০ ( তিন হাজার) টাকা।

**(গ) কেন্দ্র ফিঃ (কেন্দ্রে জমা দিতে হবে)**

(১) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার (যাদের ব্যবহারিক পরীক্ষা নেই) পরীক্ষার্থী প্রতি ৪০০.০০ (চারশত) টাকা।

(২) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার (যাদের ব্যবহারিক পরীক্ষা আছে) পরীক্ষার্থী প্রতি ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা ।

(৩) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিঃপরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০/-(দশ) টাকা। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা এবং বহিঃপরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোনো প্রকার সম্মানী প্রদান করবে না। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, এ ক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫.০০ (পঁচিশ) টাকা হবে, যার বিভাজন কেন্দ্র ৭.০০ (সাত) টাকা, প্রতিষ্ঠান ৮.০০ (আট) টাকা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক ১০.০০ (দশ) টাকা হবে।

(৪) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র/স্কুল কর্তৃপক্ষকে তত্ত্বীয় এবং ব্যবহারিক উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করতে হবে। কোনোরূপ অনুদান প্রদান করা হবে না। শিক্ষাবোর্ড হতে উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সামগ্রী সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি থেকে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় ও ট্যাগ অফিসারের সম্মানী কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

(৫) নির্ধারিত কেন্দ্র ফি হতে ১০% স্ব-স্ব প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৯০% নির্দিষ্ট কেন্দ্রসচিবকে প্রদান করতে হবে।

(৬) প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের নিকট হতে **৩১/১২/২০২৫** পর্যন্ত বেতন ও সেশনচার্জ বাবদ প্রাপ্য ফি আদায় করতে পারবে। কোনো পরীক্ষার্থীর **৯ম ও ১০ম** শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেশি বেতন ও সেশনচার্জ নেয়া যাবে না।

(৭) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি-এর অতিরিক্ত ফি কোনোভাবেই আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৮.পরীক্ষার্থীদের ফরম পূরণের মোট ফি**

| বিজ্ঞান বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ) | ব্যবসায় শিক্ষা বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ) | মানবিক বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ) |
|---|---|---|
| ১। বোর্ড ফি ১৯২০.০০ টাকা<br>২। কেন্দ্র ফি ৫১৫.০০ টাকা<br>(ব্যবহারিক ফিসহ) | ১। বোর্ড ফি ১৮৩০.০০ টাকা<br>২। কেন্দ্র ফি ৪৮৫.০০ টাকা<br>(ব্যবহারিক ফিসহ) | ১। বোর্ড ফি ১৮৩০.০০ টাকা<br>২। কেন্দ্র ফি ৪৮৫.০০ টাকা<br>(ব্যবহারিক ফিসহ) |
| মোট ফি = ২৪৩৫.০০ টাকা | মোট ফি = ২৩১৫.০০ টাকা | মোট ফি = ২৩১৫.০০ টাকা |

৯. **নিয়মিত পরীক্ষার্থী**

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনধারী ছাত্র/ছাত্রীগণ **২০২৬** সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

১০. **অনিয়মিত পরীক্ষার্থী**

(ক) **২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪** শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা **২০২৪** এবং **২০২৫** সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে **২০২৬** সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোনো অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) **২০২৫** সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিঃ এর মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে **২০২৬** সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তারা ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) **২০২৪** সালের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে এক থেকে তিন বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা **২০২৫** সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে **২০২৬** সালের পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

(ঘ) **রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ:** **২০২১-২০২২** শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সমস্ত শিক্ষার্থীরা বিশেষ বিবেচনায় রেজি: এর মেয়াদ কেবল এক বছরের জন্য নবায়ন করে **২০২৬** সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

উপরের "খ" থেকে "ঘ" এ উল্লিখিত পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। **২০২৬** সালের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপি-এর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে। যারা রেজিঃ নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদের নবায়নকৃত রেজিস্টেশন কার্ডের ফটোকপি প্রতিষ্ঠানপ্রধান কর্তৃক সত্যায়িত করে প্রতিষ্ঠানপ্রধানের অগ্রায়নপত্রসহ শিক্ষাবোর্ডের ৪০৫ নং কক্ষে **৩১/১২/২০২৫** তারিখের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ফরমপুরণ বাতিল হয়ে যাবে।

(ঙ) **রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া** : "ঘ"-এ উল্লিখিত রেজি: এর মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানপ্রধান রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২০০.০০ (দুইশত) টাকা হারে বোর্ডের সচিবের অনুকূলে সোনালী ব্যাংকের টিটি এর মাধ্যমে বোর্ডের হিসাব (আয়) শাখায় জমাদান পূর্বক প্রাপ্ত রশিদের ফটোকপিসহ নিম্নোক্ত ছক অনুযায়ী ২ কপি তালিকা ও মূল রেজি. কার্ড বিদ্যালয় পরিদর্শকের দপ্তরে জমা দিয়ে **৩১/১২/২০২৫** তারিখের মধ্যে নবায়নকৃত রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে এবং উক্ত নবায়নকৃত রেজি. কার্ডের সত্যায়িত ফটোকপি পরীক্ষার্থীর বিবরণী ফরমের সাথে জমা দিতে হবে।

(ছক)

| পূর্ববর্তী পরীক্ষার সন ও রোল নম্বর | পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম | রেজি. নম্বর ও শিক্ষাবর্ষ | যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজি.কৃত তার নাম | অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর |
|---|---|---|---|---|
| | | | | |

**১১. জিপিএ উন্নয়ন:** কেবলমাত্র **২০২৫** সালের এসএসসি পরীক্ষায় নৈর্বাচনিক সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজি: এর মেয়াদ থাকলে তারা **২০২৬** সালের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। **২০২৬** সালের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রবেশপত্র এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি বিবরণী ফরমের সাথে জমা দিতে হবে।

**১২. বহিষ্কৃত পরীক্ষার্থী:** বহিষ্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজি: এর মেয়াদ থাকলে তারা **২০২৬** সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**১৩. চতুর্থ বিষয়ের সুবিধা:** **২০২২-২০২৩** এবং **২০২৩-২০২৪** শিক্ষাবর্ষে রেজি.ধারী পরীক্ষার্থীরা ইতোপূর্বে **২০২৪** ও **২০২৫** সালে পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে **২০২৬** সালে ৪র্থ বিষয়সহ সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবে। **২০২২-২০২৩** ও **২০২৩-২০২৪** শিক্ষাবর্ষে রেজি.ধারী পরীক্ষার্থীরা যারা ইতোপূর্বে এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং এক থেকে চার বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা **২০২৬** সালের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে। আংশিক বিষয়ের পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে অনুত্তীর্ণ থাকলে ৪র্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

**১৪. পাঠ্যসূচি:**

ক) **নিয়মিত পরীক্ষার্থীরা** ২০২৬ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) **অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীরা** ২০২৫ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

গ) সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েব সাইটে অনলাইনে প্রেরণ করবে। ধারাবাহিক মূল্যায়ন ও ব্যবহারিকের ম্যানুয়াল কপি কেন্দ্রের মাধ্যমে **(Centre wise)** বোর্ডে জমা দিতে হবে এবং এক কপি কেন্দ্রকে সংরক্ষণ করতে হবে

**১৫. শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন**

কোনো অবস্থাতেই এক শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী অন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। বিদ্যালয় পরিবর্তনকারী শিক্ষার্থীদের ফরমপূরণ সনাতন পদ্ধতিতে করা হবে। উক্ত শিক্ষার্থীদের ফরম পূরণ নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষাবোর্ডের সোনালী ব্যাংকে ফি জমাদান করে ফি জমার রশিদ এবং প্রামাণ্য কাগজপত্রসহ (পূর্ববর্তী বিদ্যালয়ের বদলী সনদ, রেজিঃ কার্ড, ফরম পূরণের সম্ভাব্য তালিকা, বোর্ড কর্তৃক প্রদত্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনের আদেশ এবং ভর্তি সংক্রান্ত টাকা জমার রশিদ) বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের ৪০৭ নং কক্ষে জমা করতে হবে। এ ব্যাপারে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। ফরম পূরণ সংক্রান্ত কাগজপত্র যাচাই বাছাইয়ের পর সংশ্লিষ্ট শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের বিষয়টি চূড়ান্ত হবে।

**১৬. প্রতিবন্ধী সংক্রান্ত**

শিক্ষাবোর্ডের অনুমতিক্রমে কোনো দৃষ্টি প্রতিবন্ধি এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থী স্ক্রাইব (শ্রুতিলেখক) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে তার ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে শ্রুতিলেখক **৮ম** শ্রেণীতে অধ্যয়নরত হতে হবে। এ ধরনের পরীক্ষার্থীরা অতিরিক্ত **২০** মিনিট সময় পাবে। তবে অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি শিক্ষার্থীদের জন্য অন্যান্য শিক্ষার্থীদের তুলনায় **৩০** মিনিট অতিরিক্ত সময় পাবে। পরীক্ষার্থীকে অবশ্যই বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ ব্যাপারে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সিভিল সার্জন/বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক প্রদত্ত সনদ/সমাজ সেবা অধিদপ্তর-এর পরিচয়পত্র (প্রত্যয়নপত্র-সুবর্ণ) কার্ড আবেদনকারী ও স্ক্রাইব (শ্রুতিলেখক) উভয়ের পাসপোর্ট সাইজের **০৪** (চার) কপি সত্যায়িত ছবি এবং শ্রুতিলেখক অভিভাবকের সম্মতিপত্র ও প্রধান শিক্ষক কর্তৃক **৮ম** শ্রেণীতে অধ্যয়নের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। এ জাতীয় পরীক্ষার্থীদের তালিকা **২২/০১/২০২৬** তারিখ থেকে **২৭/০১/২০২৬** তারিখের মধ্যে ৪০৭ নম্বর কক্ষে জমা দিতে হবে।

**১৭. পরীক্ষায় অংশগ্রহণের বিষয়/বিষয়সমূহ**

শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয়/বিষয়সমূহে তাকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বোর্ডের অনুমতিক্রমে বিষয় পরিবর্তন না করে রেজিস্ট্রেশন কার্ড বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করলে অংশগ্রহণকৃত উক্ত বিষয়/বিষয়সমূহ বাদ দিয়েই তার ফল প্রকাশ করা হবে।

১৮. কোনো ছাত্র/ছাত্রী প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১৯. বিজ্ঞপ্তিতে উল্লিখিত **২০২৬** সালের এসএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে ফরম পূরণের প্রয়োজনীয় কার্যক্রম নির্ধারিত সময়ে অনলাইনে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**২০. নির্বাচনী পরীক্ষা**

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী এবং যেসকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

*** টিটি (TT) এর মূল কপি প্রদর্শন বাধ্যতামূলক**

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

২২/১২/২৫

**(প্রফেসর ড. মো. পারভেজ সাজ্জাদ চৌধুরী)**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০২৩৩৩৩৩৬৭৬৪
Email:ce@bise-ctg.gov.bd

২২/১২/২৫

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো (এ তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা।
৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৫। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৬। উপ-পরিচালক, (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৭। প্রোগ্রামার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম ।
৮। হিসাব রক্ষণ অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
৯। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, বহদ্দারহাট, চট্টগ্রাম।
১০। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা।
১১। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা ও সেকশন অফিসারবৃন্দ।
১২। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা সংশ্লিষ্ট সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
১৩। পি.এস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), অত্রবোর্ড।
১৪। অফিস কপি।

22/12/2025

(মোহাম্মদ আবদুল মন্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্য)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০২৩৩৪৪৫১৫১৬।